

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
(শিক্ষা ও কল্যাণ শাখা)
www.moulvibazar.gov.bd

| | |
|--|---|
| <input type="checkbox"/> কর্মকর্তা | <input type="checkbox"/> সর্বোচ্চ অধিকার |
| <input type="checkbox"/> প্রশাসনিক কর্মকর্তা | <input type="checkbox"/> অতিরিক্ত কর্মকর্তা |
| <input type="checkbox"/> এ.এস.সি. | <input type="checkbox"/> জরুরী |
| <input type="checkbox"/> সি.ও. | <input type="checkbox"/> পেশাকরন |
| <input type="checkbox"/> সিনিয়র টাইপিষ্ট | <input type="checkbox"/> মতামত দিবে |
| <input type="checkbox"/> সিনিয়র সহকারী | <input type="checkbox"/> আলোচনা করুন |
| তারিখ: ১৩/১২/২০১৯ | উ: নি: অ: |

শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন এবং দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করতে দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর অংশগ্রহণে দলগত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা' আয়োজনের লক্ষ্যে জেলা কমিটির প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : নাজিয়া শিরিন
জেলা প্রশাসক
মৌলভীবাজার।
তারিখ : ২৩/১২/২০১৯
সময় : সকাল ১১.০০ ঘটিকা।
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় 'শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন এবং দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করতে দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর অংশগ্রহণে দলগত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা' আয়োজনের তাৎপর্য তুলে ধরে উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে সহযোগিতা প্রদানের অনুরোধ জানানো হয়। গত ০১ ডিসেম্বর ২০১৯ তারিখের মন্ত্রিপরিষদ বিভাগের বিবি অধি শাখা এর ০৪.০০.০০০০.৪২৩.২২.০০২১৯.৯৭ নং স্মারকের পরিপত্র সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত পরিপত্রে স্কুল, কলেজ, মাদ্রাসা পর্যায়ে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে আন্তঃশ্রেণি প্রতিযোগিতার পর ইউনিয়ন, উপজেলা(পৌরসভাসহ), জেলা/সিটি করপোরেশন প্রতিযোগিতা আয়োজনের উপর আলোকপাত করা হয়। সভাপতির অনুরোধের পরিপ্রেক্ষিতে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে সভায় উপস্থিত কর্মকর্তাগণ তাদের মতামত ও পরামর্শ ব্যক্ত করেন।

২.০ বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

২.০১ জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা তিনটি স্তরে অনুষ্ঠিত হবে। স্তর তিনটি ক) প্রাথমিক স্তর: স্কুল ও মাদ্রাসায় প্রথম থেকে পঞ্চম শ্রেণি খ) মাধ্যমিক স্তর: স্কুল ও মাদ্রাসায় ষষ্ঠ থেকে দশম শ্রেণি ও গ) উচ্চ মাধ্যমিক স্তর: কলেজ ও মাদ্রাসায় একাদশ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত।

২.০২ উপজেলা পর্যায়ে শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা ১৬/০২/২০২০খ্রি: তারিখের মধ্যে সম্পন্ন করে ১৭/০২/২০২০খ্রি: তারিখে প্রতিটি উপজেলা থেকে ৩টি স্তরের ১ম স্থান অধিকারী দলের তালিকা পাঠাতে হবে এবং পাশাপাশি উপজেলা পর্যায়ের বিজয়ী দলগুলো প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা করতে হবে। উল্লেখ্য যে, প্রতিটি দলের সদস্য সংখ্যা হবে সর্বোচ্চ ১০(দশ) জন।

২.০৩ জেলা পর্যায়ের কমিটিতে অধ্যক্ষ, মৌলভীবাজার সরকারি কলেজ, অধ্যক্ষ, মৌলভীবাজার সরকারি মহিলা কলেজ, প্রধান শিক্ষক, মৌলভীবাজার সরকারি উচ্চ বিদ্যালয় ও প্রধান শিক্ষক, আলী আমজাদ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়কে অর্ন্তভুক্ত করার সিদ্ধান্ত হয়। এছাড়াও বেগম পূর্ণা রায় ভৌমিক, প্রধান শিক্ষক, আলী আমজাদ সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং সুপ্রীয়া মিশ্র, সংগীত প্রশিক্ষক, জেলা শিল্পকলা একাডেমীকে সংগীতে বিশেষজ্ঞ হিসেবে অর্ন্তভুক্ত করার সিদ্ধান্ত হয়।

২.০৪ জেলা পর্যায়ের প্রতিযোগিতা আগামী ২৫ ফেব্রুয়ারি, ২০২০খ্রি: তারিখ মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকায় মৌলভীবাজার সরকারি উচ্চ বিদ্যালয় অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে। সকাল ১০.০০-১১.০০ ঘটিকায় প্রাথমিক ১১.০০-১২.০০ ঘটিকায় মাধ্যমিক ও ১২.০০-১৩.০০ ঘটিকায় উচ্চ মাধ্যমিক পর্যায়ের প্রতিযোগিতা শুরু হবে। নির্ধারিত সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারগণকে উপজেলা পর্যায়ের প্রতিটি স্তরের ১ম স্থান অধিকারী দলের উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।

২.০৫ জেলা পর্যায়ের বিজয়ী দলকে বিভাগীয় পর্যায়ে যাতে শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতার কর্তৃসূচি যথাযথভাবে পরিচালিত হয় সে বিষয়ে গঠিত বিচারক প্যানেল ও জেলা শিল্পকলা একাডেমীর তত্ত্বাবধানে প্রশিক্ষণের ব্যবস্থা করবেন।

২.০৬ জেলা পর্যায়ের প্রতিটি স্তরের শ্রেষ্ঠ দল বিভাগীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। জেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য প্রতিযোগিতায় বিচার কার্যের জন্য নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে জেলা পর্যায়ে বিচারক, কমিটি গঠন করা হয়;

ক) জনাব বিষ্ণু পদ রায় চৌধুরী, সংযোজী অধ্যাপক, মৌলভীবাজার সরকারি কলেজ।

১৩